

উদ্ভাবনী ধারণার শিরোনাম:

সমবায়ীদের ফেইসবুকে (facebook) যুক্ত করার মাধ্যমে দাপ্তরিক যোগাযোগ সহজীকরণ, অর্থনৈতিক স্বচ্ছলতা বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন।

পটভূমি:

সমিতির কার্যক্রম পরিচালনা, নির্বাচন অনুষ্ঠান, সমিতির সদস্যদের বিনিয়োগের লভ্যাংশ সংক্রান্ত তথ্য, সমিতির নিরীক্ষা সম্পাদন, সদস্যপদ প্রাপ্তি সংক্রান্ত তথ্য, প্রকল্প গ্রহন, সমবায় দাপ্তরিক বিভিন্ন সেবা গ্রহন ইত্যাদি কাজে সমবায়ীদের নিজস্ব অর্থায়নে দূরের পথ অতিক্রম করে জেলা/উপজেলা সমবায় অফিসে আসতে হয়। ফলে সমবায়ীদের সময় ও অর্থ উভয়েই ব্যয় হয়। তাছাড়া সমবায়ীরা তাদের উৎপাদিত পণ্য প্রচার ও স্মার্ট যোগাযোগের অভাবে যথাসময়ে ও ন্যায্য মূল্যে বিক্রয় করতে প্রায়শই ব্যর্থ হয়, ফলে তাদের বিনিয়োগ থেকে কাঙ্ক্ষিত মুনাফা অর্জন হয় না ফলে তাদের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন ব্যাহত হয়। তাই সমবায়ীদের ফেইসবুকে (facebook) যুক্ত করার মাধ্যমে দাপ্তরিক যোগাযোগ সহজীকরণ, অর্থনৈতিক স্বচ্ছলতা বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন ও নতুন কর্মসংস্থান সৃষ্টি সম্ভব।

চিহ্নিত সেবাটি বর্তমানে কিভাবে দেওয়া হয়?

- ** ডাকযোগে চিঠি প্রেরণের মাধ্যমে;
- ** মোবাইল ফোনে যোগাযোগের মাধ্যমে;
- ** সরাসরি সেবা প্রদান

চিহ্নিত সেবা/কাজের মূল সমস্যা

- ** ফেইজবুক ও ফেইজবুক পেইজের মাধ্যমে সেবা প্রদান ও গ্রহন সম্পর্কে অজ্ঞতা;
- ** ফেইজবুক ও ফেইজবুক পেইজের ব্যবহার সম্পর্কে অজ্ঞতা;
- ** ইন্টারনেটের সমস্যা;
- ** স্মার্ট ফোন ব্যবহারে অজ্ঞতা;

প্রস্তাবিত আইডিয়া/প্রকল্পের সারাংশ:

- ** এই প্রকল্পের লক্ষ্য হল সকল সমবায় সমিতি ও সকল সমবায়ীদের ব্যক্তিগত ফেইজবুক আইডি খোলে দেওয়া;
- ** প্রত্যেক সমবায় সমিতি ও সকল সমবায়ীদের ব্যক্তিগত ফেইজবুক আইডি এর সাথে উপজেলা সমবায় কার্যালয়, জেলা সমবায় কার্যালয়, বিভাগীয় সমবায় কার্যালয় এবং সমবায় অধিদপ্তর এর ফেইজবুক ও ফেইজবুক পেইজের সাথে যুক্ত রাখা ;
- ** ফেইজবুক ও ফেইজবুক পেইজ ও মেসেঞ্জারের মাধ্যমে সমবায় সমিতি ও সমবায়ীদের সরকারি সকল দাপ্তরিক সেবা প্রদান ও প্রয়োজনে যোগাযোগ;
- ** সরকারি সকল দপ্তরের ফেইজবুক পেইজের সাথে যুক্ত করার মাধ্যমে সকল দপ্তরের সেবা গ্রহন;
- ** মেসেঞ্জারের মাধ্যমে সমবায় সমিতি ও সমবায়ীদের সাথে দ্রুত যোগাযোগ সম্ভব হবে; ফলে সাধারণ সেবা গ্রহনে সমবায়ীদের দপ্তরে আসতে হবে না; এতে সময়, অর্থ ও ভিজিট (TCV) কম লাগবে;
- ** সমবায়ীগণ তাদের ব্যক্তিগত ফেইজবুক আইডি বিভিন্ন স্বাস্থ্য ও শিক্ষামূলক পেইজের সাথে যুক্ত থেকে উপকৃত হওয়া;
- ** কৃষি ও উপাদিত পণ্য ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিভিন্ন পেইজের সাথে যুক্ত থেকে তাদের উৎপাদিত পণ্য ন্যায্য মূল্যে বিক্রয় করার মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন ;
- ** চাকুরী সংক্রান্ত বিভিন্ন পেইজের সাথে যুক্ত থেকে সমবায়ীদের শিক্ষিত ছেলে-মেয়ের কর্মসংস্থান সৃষ্টি।

প্রস্তাবিত আইডিয়া বাস্তবায়ন পদ্ধতি:

- ** উপজেলা সমবায় কার্যালয় ও জেলা সমবায় কার্যালয় থেকে সমবায় সমিতি নিবন্ধনকালীন বাধ্যতামূলক সমবায় সমিতি ও সকল সদস্যের ফেইজবুক আইডি খোলার ব্যবস্থা গ্রহন;
- ** ইতিপূর্বে নিবন্ধিত সকল সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সাথে যোগাযোগ করে সমিতি ও সকল সদস্যের ফেইজবুক আইডি খোলার ব্যবস্থা গ্রহন;
- ** প্রতিটি ভ্রাম্যমাণ প্রশিক্ষণে ফেইজবুক ও ফেইজবুক পেইজের মাধ্যমে সেবা প্রদান ও গ্রহন সম্পর্কে সমবায়ীদের প্রশিক্ষণ প্রদান;
- ** প্রতিটি সমবায় সমিতির মাসিক মিটিং এ স্মার্ট ফোনের ব্যবহার, ফেইজবুক আইডি খোলা, ফেইজবুকের ব্যবহার ইত্যাদি নিয়ে সমবায়ীদের সাথে মুক্ত আলোচনা;
- ** প্রতিটি সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সাথে কথা বলে সমিতির সদস্যদের স্মার্ট ফোন ক্রয়ের জন্য সমিতি থেকে স্বল্প সুদে ঋণের ব্যবস্থা গ্রহন;
- ** প্রতিটি সমবায় সমিতির অফিস ঘরে বাধ্যতামূলকভাবে ইন্টারনেট সংযোগের ব্যবস্থা গ্রহন করা যেন সংশ্লিষ্ট সমিতির সকল সদস্যগণ ফি ইন্টারনেট ব্যবহার করে ফেইসবুকের মাধ্যমে সকল সরকারি সেবা গ্রহন করে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন করতে পারে।
- ** ফেইজবুক ও ফেইজবুক পেইজ ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্য ও শিক্ষামূলক পরামর্শ গ্রহন, কৃষি ও উৎপাদিত পণ্য ক্রয়-বিক্রয়, চাকুরী সংক্রান্ত তথ্য ইত্যাদি পাওয়া যায় যা সমবায়ীদের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়ক, এ সংক্রান্ত বিষয়ে সমবায়ীদের নিয়ে আলোচনা সভা ও উঠান বৈঠক করা।

প্রত্যাশিত ফলাফল (TCV): বাস্তবায়নের আগে ও বাস্তবায়নের পরে

বাস্তবায়নের আগে:

সময়: সমিতির সাধারণ প্রয়োজনে উপজেলা ও জেলা দপ্তরে আসা-যাওয়া।

খরচ: সাধারণ সেবা গ্রহনে অধিক যাতায়াত খরচ।

ভিজিট: একাধিক বার ভিজিট করতে হতো।

বাস্তবায়নের পরে:

সময়: ফেইজবুক ও ফেইজবুক পেইজ ও মেসেঞ্জারের মাধ্যমে সমবায় সমিতি ও সমবায়ীদের সাথে নিয়মিত যোগাযোগ ও সরকারি দাপ্তরিক সেবা প্রদানের ফলে সমবায়ীদের উপজেলা ও জেলা দপ্তরে সাধারণ প্রয়োজনে আসা-যাওয়া প্রয়োজন হবে না।

খরচ: সাধারণ সেবা গ্রহনে অধিক যাতায়াত খরচ হ্রাস পাবে।

ভিজিট: সাধারণ সেবা গ্রহনে একাধিক বার ভিজিট করতে হবে না।

উদ্ভাবনটির পাইলটিং এলাকা এবং মেয়াদ

** নেত্রকোণা জেলার নেত্রকোণা সদর উপজেলা।

** মেয়াদ ০১ বছর।

উদ্ভাবন/আইডিয়া পাইলটিং/বাস্তবায়ন টিম:

- ** টিম লিডার: জনাব সুমর চন্দ্র পাল
জেলা সমবায় কর্মকর্তা, নেত্রকোণা
০১৭১৫৩১২৯৮০
- ** সদস্য-১: জনাব আনোয়ার হোসেন
উপজেলা সমবায় কর্মকর্তা
নেত্রকোণা সদর, নেত্রকোণা
০১৭১৭৬২৮০২২
- ** সদস্য-২: পলাশ সাহা
সরেজমিনে তদন্তকারী, জেলা সমবায় কার্যালয়, নেত্রকোণা
০১৭৪১৫৬৩০২৪
- ** সদস্য-৩: ছাইদুর রহমান
পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নেত্রকোণা
- ** সদস্য-৪: রেজাউল হক খান
সহকারী প্রশিক্ষক, জেলা সমবায় কার্যালয়, নেত্রকোণা



জেলা সমবায় কর্মকর্তা

নেত্রকোণা

ফোনঃ- ০২৯৯৬৬৫১৫১৫

E-mail: dco.netrokona@coop.gov.bd